গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিভিল সার্জন এর কার্যালয়
নারায়ণগঞ্জ
ই-মেইলঃ narayanganj@cs.dghs.gov.bd

স্মারক নং- সিএসএনজে/১১-১৭গ্রেড কর্মচারী নিয়োগ/২০২৩/ ২৫৭০

তারিখ ঃ ১৬/০৬/২০২৩ খ্রিঃ

# " নিয়োগ বিজ্ঞপ্তি "

স্বাস্থ্য ও পরিবার কল্যান মন্ত্রনালয়ের স্মারক নং-৪৫.০০.০০০০.১৪০.১১.০০৩.২৩.৯১ তারিখঃ১০/০১/২০২৩ইং মোতাবেক সিভিল সার্জন, নারায়ণগঞ্জ তাঁর নিয়ন্ত্রনাধীন বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠান সমূহে রাজস্ব খাতের গ্রেড ভিত্তিক শুন্য পদসমুহ অস্থায়ীভাবে পুরণের জন্য নিম্নে বর্ণিত শর্তে অনলাইন ( http://csnj.teletalk.com.bd ) দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | গ্রেড | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ১। | ফার্মাসিষ্ট | ০৮টি | গ্রেড-১১ | কোন স্বীকৃত ইনষ্টিটিউট হইতে ফার্মেসিতে ডিপ্লোমা ডিগ্রী এবং বাংলাদেশ ফার্মেসি কাউন্সিল হইতে রেজিষ্ট্রেশন প্রাপ্ত। | বাংলাদেশের সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন কিন্তু নারায়ণগঞ্জ জেলার প্রার্থীদেকে অগ্রাধিকার দেওয়া হবে। |
| ২। | মেডিকেল টেকনোলজিষ্ট(ল্যাবঃ) | ০২টি | গ্রেড-১১ | কোন স্বীকৃত ইনষ্টিটিউট হইতে মেডিকেল টেকনোলজিষ্ট(ল্যাব)-এ ডিপ্লোমা ডিগ্রি। | |
| ৩। | কম্পিউটার অপারেটর | ০১টি | গ্রেড-১৩ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী। কম্পিউটার ব্যবহারের দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। টাইপিং প্রতি মিনিটে বাংলায় ২৫ ও ইংরেজিতে ৩০শব্দ। | নারায়ণগঞ্জ জেলার প্রর্থীগন আবেদন করতে পারবেন। তবে স্বাস্থ্য সহকারী পদের ক্ষেত্রে সংশ্লিষ্ট সাবেক ওয়ার্ড/ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে। সংশ্লিষ্ট ওয়ার্ডে উপর্যুক্ত প্রার্থী না পাওয়া গেলে একই ইউনিয়নের পার্শ্ববর্তী ওয়ার্ড বা পাশ্ববর্তী ইউনিয়নের প্রার্থীদেরকে নির্বাচন করা হবে। স্বাস্থ্য সহকারীর শুন্য পদের তালিকা সিভিল সার্জন অফিস, নারায়ণগঞ্জ ও নারায়ণগঞ্জ জেলার সকল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর নোটিশ বোর্ডে পাওয়া যাবে। |
| ৪। | সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর | ০১টি | গ্রেড-১৪ | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেনী বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি।খ) কম্পিউটার ব্যবহারের দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। গ) সাঁট লিপিতে প্রতিমিনিটে বাংলায় ৪৫ শব্দ ও ইংরেজি প্রতি মিনিটে ৭০শব্দ। টাইপিং প্রতি মিনিটে বাংলায় ২৫ ও ইংরেজিতে ৩০শব্দ। | |
| ৫। | পরিসংখ্যানবিদ | ০৩টি | গ্রেড-১৪ | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পরিসংখ্যান, গনিত, অর্থনীতি বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রী। খ) কম্পিউটার চালানোর দক্ষতা। | |
| ৬। | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর | ০৫টি | গ্রেড-১৬ | ক) কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। খ)কম্পিউটার চালানোর ক্ষমতা। গ) টাইপিং প্রতি মিনিটে বাংলায়-২০ ও ইংরেজিতে ২০শব্দ। | |
| ৭। | স্বাস্থ্য সহকারী | ৭৩টি | গ্রেড-১৬ | কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ৮। | গাড়ি চালক | ০২টি | গ্রেড-১৬ | ক) কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। খ) বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত ড্রাইভিং লাইসেন্স সহ যানবাহন চালনার অভিজ্ঞতা। | |
| ৯। | ল্যাব এটেনডেন্ট | ০১টি | গ্রেড-১৯ | কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |

**১। বিশেষ নির্দেশনাঃ**

১.১ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত পদসমূহে নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক জারিকৃত সর্বশেষ আইন, বিধি ও নীতি অনুসরণ করা হবে।

১.২ উক্ত নিয়োগের জন্য প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে নিয়োগবিধি মোতাবেক লিখিত ও মৌখিক (প্রয়োজন বোধে ব্যবহারিক) পরীক্ষার মাধ্যমে নিয়োগ কার্যক্রম সম্পন্ন করা হবে।

১.৩ যে কোন কারণে বিজ্ঞাপিত শুন্য পদের সংখ্যা পরিবর্তন হতে পারে।

১.৪ স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং-স্বাঃঅধিঃ/প্রশা-২/৩য় শ্রেনী নিয়োগ-১/২০১৮/২৬৫৪ তারিখঃ১১/০৬/২০১৮ইং মোতাবেক প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে যাহারা অনলাইনে আবেদন করিয়াছেন তাহাদেরকে (ষ্টোর কিপার পদ ব্যতিত) পুনরায় আবেদন করার প্রয়োজন নাই। তবে ষ্টোর কিপার-১৪ গ্রেড পদে জনবল নিয়োগ স্বাস্থ্য অধিদপ্তরের নিয়ন্ত্রনাধীন হওয়ায় ষ্টোর কিপার পদে আবেদনকারীগন বর্তমানের উপর্যুক্ত পদে আবেদন করতে পারবেন।

১.৫ প্রার্থী কর্তৃক প্রদত্ত যে-কোন তথ্য অসত্য বা মিথ্যা প্রমানিত হলে অথবা প্রয়াজনীয় তথ্য গোপন করলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে অথবা কোন প্রতারণা বা দূর্নীতির আশ্রয় গ্রহণ করলে অথবা মিথ্যা, ভিন্ন/ ভুল তথ্য দিলে একাধিকবার ফরম পূরণ করে একাধিক প্রবেশপত্র গ্রহন করলে অথবা পরীক্ষায় অসদুপায় অবলম্বন করলে অথবা পরীক্ষার কেন্দ্রে দুর্ব্যবহার করলে পরীক্ষার পূর্বে বা পরে, এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থিতা বা নিয়োগ বাতিল করা সহ প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১.৬ সরকারের পূর্বানুমতি ব্যতিরেকে কোন প্রার্থী কোন বিদেশি নাগরিককে বিবাহ করলে বা বিবাহ করতে প্রতিজ্ঞাবদ্ধ হলে তিনি আবেদনের অযোগ্য বিবেচিত হবেন।

১.৭ প্রজাতন্ত্রের কর্মে অথবা স্থানীয় কর্তৃপক্ষের অধীন চাকুরিরত প্রার্থীদের মধ্যে যোগ্য এবং নির্ধারিত বয়সে প্রার্থীর বয়সের প্রার্থীরা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক অনুমতিপ্রাপ্ত হলে নিয়োগের জন্য নির্ধারিত প্রতিযোগীতামূলক পরীক্ষায় অংশগ্রহণ করতে পরবেন।

১.৮ প্রজাতন্ত্রের কর্মে অথবা স্থানীয় কর্তৃপক্ষের অধীন চাকুরি হতে অপসারিত হয়েছেন অথবা চাকুরিতে ইস্তফা দিয়েছেন এমন প্রার্থীরাও পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। তবে এই ক্ষেত্রে প্রার্থীকে চাকুরি হতে অপসারণ আদেশের কপি বা ইস্তফাপত্র গৃহীত হয়েছে মর্মে নিয়োগকারী কর্তৃপক্ষের আদেশনামা দাখিল করতে হবে। প্রার্থী কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হলে কিংবা প্রজাতন্ত্রের কর্মে অথবা স্থানীয় কর্তৃপক্ষের অধীন চাকুরি হতে বরখাস্ত হয়ে থাকলে তিনি আবেদন করার অযোগ্য হবেন।

১.৯ প্রার্থী মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র- কন্যাদের পুত্র-কন্যা হলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রনালয় কর্তৃক জারীকৃত ২৬/০২/২০০২ইং তারিখের মুঃবিঃমঃ/সনদ-১/প্র-১/২০০২/০২ নং প্রজ্ঞাপন মোতাবেক মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রনালয়ের ইস্যুকৃত সনদপত্র অথবা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রনালয়ের ০১/০২/২০০৯ইং তারিখের মুবম/সনদ-১/প্র-৩/৩১/০২/১৪০ নং প্রজ্ঞাপন অনুযায়ী ১৯৯৭ থেকে ২০০১ সাল পর্যন্ত তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত এবং মুক্তিযোদ্ধা মন্ত্রনালয় কর্তৃক ইস্যুকৃত পিতা/মাতা/পিতামহ/পিতামহী/মাতামহ/মাতামহীর মুক্তিযোদ্ধা সনদপত্র দাখিল করিতে হবে।

LB

১.১০ প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র- কন্যার পুত্র- কন্যা হলে সে মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ণ পরিষদের চেয়ারম্যান/সিটি করপোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/ পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্তসার্টিফিকেট দাখিল করতে হবে।

১.১১ প্রতিবন্ধী প্রার্থীদেরকে সমাজসেবা অধিদপ্তরের অধীন জেলা সমাজসেবা অফিসের উপপরিচালক/সমমর্যাদা সম্পন্ন/ দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রতিবন্ধী সনদ দাখিল করতে হবে।

১.১২ আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্যভূক্ত প্রার্থীকে জেলা প্রশাসক/ জেলা আনসার এ্যাডজুট্যান্ট কর্তৃক প্রদত্ত সনদপত্র দাখিল করতে হবে।

১.১৩ প্রার্থী ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর হলে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট হতে প্রাপ্ত সনদপত্র দাখিল করতে হবে।

১.১৪ প্রার্থীকে মৌখিক পরীক্ষার বোর্ডে সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, কোটা বা অন্য কোন সুবিধা দাবির ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্রসমূহের মুলকপি (যেমন শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, প্রযোজ্য ক্ষেত্রে বয়স প্রমাণের সনদপত্র, অভিজ্ঞতা/ অন্যান্য যোগ্যতার সনদপত্র, স্থায়ী ঠিকানার সনদপত্র, কোটা সুবিধা দাবীর ক্ষেত্রে প্রযোজ্য সনদপত্রসমূহ প্রদর্শন করতে হবে এবং সনদপত্রসমূহের এক সেট সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

১.১৫ নিয়োগের লক্ষ্যে অনুষ্ঠেয় পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১.১৬ সকল প্রার্থীর আবেদন অনলাইনে প্রসেস করা হবে। অন্য কোনোভাবে দাখিলকৃত বা প্রেরিত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

২। বয়সসীমাঃ ২২ জুন ২০২৩ ইং তারিখে বয়সঃ

২.১ মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পত্র-কন্যা, প্রতিবন্ধী প্রার্থী ছাড়া অন্যান্য সকল প্রার্থীর জন্য বয়স ১৮ হতে ৩০ বছর।

২.২ মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পত্র-কন্যা, প্রতিবন্ধী প্রার্থীর জন্য বয়স ১৮ হতে ৩২ বছর।

২.৩ প্রার্থীর বয়স কম বা বেশি হলে আবেদনপত্র গ্রহনযোগ্য হবে না। বয়স প্রমাণের জন্য এসএসসি/সমমানের পরীক্ষার মুল/সাময়িক সনদে প্রদত্ত জন্ম তারিখ বয়স গণনার ভিত্তি হিসেবে বিবেচিত হবে।

৩। নাগরিকত্বঃ

৩.১ প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে এবং নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত শর্তানুযায়ী স্থায়ী বাসিন্দার প্রমানক হিসাবে জাতীয় পরিচয়পত্র (NID) বা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/ পৌরসভা/ সিটি কর্পোরেশন এর যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র দাখিল করতে হবে।

৩.২ প্রার্থী কর্তৃক আবেদপত্রে বর্ণিত স্থায়ী ঠিকানা (Permanent Address) যদি ইতঃ পূর্বে কোন সার্টিফিকেটে বা অন্যত্র বর্ণিত স্থায়ী ঠিকানা হতে ভিন্নতর হয় কিংবা মহিলা প্রার্থীদের ক্ষেত্রে যদি স্বামীর ঠিকানা ব্যবহার করা হয় তবে সে ক্ষেত্রে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার পক্ষে জাতীয় পরিচয়পত্র (NID) বা সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/ ওয়ার্ড কমিশনার/পৌরসভার মেয়র/কাউন্সিলর/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র দাখিল করতে হবে।

৪। সংরক্ষণঃ

৪.১ নিয়োগ পরীক্ষা ও নিবন্ধন সংক্রান্ত যে- কোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। তাছাড়া কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে-কোনো সময় নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল/ প্রত্যাহার করার ক্ষমতা নিয়োগ কমিটি সংরক্ষন করেন।

৫। অনলাইনে আবেদনপত্র পুরণ সংক্রান্ত নিয়মাবলী, শর্তাবলী ও পরীক্ষার ফি জমাদানের সময়ঃ

৫.১ পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ (http://csnj.teletalk.com.bd) -এ আবেদনপত্র পূরণ করবেন। অনলাইনে আবেদনপত্র পূরণ এবং পরীক্ষার ফি জমাদানের সময় নিম্নরূপঃ

৫.২ আবেদনপত্র পূরণ ও ফি জমাদান শুরুর তারিখ ও সময় : ২২ জুন ২০২৩ ইং সকাল ১০.০০ ঘটিকা হতে ২৩ জুলাই ২০২৩ ইং বিকাল ০৪.০০ঘটিকা পর্যন্ত।

৫.৩ উক্ত সময়সীমার মধ্যে কেবল User ID প্রাপ্ত প্রার্থীরা উক্ত সময়ের পরবর্তী ৭২ ঘন্টা পর্যন্ত SMS এর মাধ্যমে বিজ্ঞপ্তিতে বর্নিত নির্ধারিত পদ্ধতি অনুসরণ করে পরীক্ষার ফি জমা দিতে পারবেন। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

৫.৪ Online-আবেদন পত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০x প্রস্থ ৩০০)pixel এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০x প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০KB ও স্বাক্ষর ৬০ KB এর মধ্যে হতে হবে। Online-এ আবেদন পত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে। সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন ও প্রার্থী Online-এ পূরনকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষন করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

৫.৫ SMS প্রেরনের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদানঃ Online-এ আবেদনপত্র(Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's copy তে কোনো তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয়। বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা এবং এর সঠিকতার বিষয়টি PDF copy ডাউনলোডপূর্বক নিশ্চিত হয়ে রঙিন প্রিন্ট করে সংরক্ষন করবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহারকরে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি পৃথক SMS এর মাধ্যমে পরীক্ষার ফি বাবদ ১১-১২ গ্রেড এর জন্য ৩৩৪/- (তিনশত চৌত্রিশ)টাকা, ১৩-১৬তম গ্রেড এর জন্য ২২৩ (দুইশত তেইশ) টাকা ও ১৭-২০তম গ্রেড এর জন্য ১১২/-(একশত বার) টাকা পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য যে, Online –এ আবেদন পত্রের সকল অংশ পূরন করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

৬। ফি জমা দেয়ার পদ্ধতিঃ

৬.১ প্রথম SMS: CSNJ<Space>User ID লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে। Example: **CSNJ ABCDEF** . Reply: Applicant's Name, Tk. . . . . . . will be Charged as application fee .Your PIN is 12345678. To pay fee Type CSNJ <Space>Yes <Space> PIN and send to 16222 .

৬.২ দ্বিতীয় SMS: CSNJ<Space>Yes<Space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে। Example: CSNJ YES 12345678
Reply: Congratulations Applicant's Name, Payment completed Successfully for CSNJ Application for xxxxxxxxx
User ID is (ABCDEF) and Password (X X X X X X X X X).

Lp

৬.৩ প্রবেশ পত্র প্রাপ্তির বিষয়টি (http://csnj.teletalk.com.bd) ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষনিক সচল রাখতে হবে এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষনিকভাবে অনুসরণ করতে হবে। পরীক্ষা সংক্রান্ত তথ্য পাওয়ার জন্য মোবাইল নম্বর সক্রিয় না রাখার কারণে কোন তথ্য বা এসএমএস পেতে ব্যর্থ হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

৬.৪ SMS–এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/ কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙ্গিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশ পত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহনকালে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণকালে অবশ্যই প্রদর্শন করবেন।

৬.৫ শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

**User ID জানা থাকলে: CSNJ**<Space>**Help**<Space>**User**<Space>**User ID** & Send to ১৬২২২ নম্বরে।

Example: **CSNJ Help User ABCDEF** & Send to ১৬২২২ নম্বরে।

PIN Number জানা থাকলে: CSNJ<Space>Help<Space>PIN<Space>PIN No & send to 16222

Example: **CSNJ Help PIN 12345678** & send to 16222

৬.৬ Online আবেদন করতে কোনো সমস্যা হলে alljobs.query@teletalk.com.bd ই-মেইলে অথবা টেলিটক হতে ১২১ নম্বরে যোগাযোগ করা যাবে। ই-মেইল এর Subject Organization Name:CSNJ, Post Name:............, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।

৬.৭ এই নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে- কোন সংশোধন, সংযোজন ইত্যাদি (যদি থাকে), পরীক্ষার তারিখ সময়, স্থান অথবা প্রার্থীগণের জন্য প্রয়োজনীয় অন্যান্য তথ্য সিভিল সার্জন অফিস, নারায়ণগঞ্জ এর নোটিশ বোর্ডের মাধ্যমে জানানো হবে। এছাড়াও QR code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd/csnj ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। প্রার্থীগণকে নিয়োগ সংক্রান্ত বিষয়ে আপডেট থাকার জন্য উল্লেখিত ওয়েবসাইটে নিয়মিতভাবে দৃষ্টি রাখতে অনুরোধ করা যাচ্ছে।

৬.৮ প্রার্থীগণকে শেষ তারিখের জন্য অপেক্ষা না করে পর্যাপ্ত সময় নিয়ে সতর্কতার সাথে নিজে অনলাইনে যথাযথভাবে আবেদনপত্র পুরণ এবং নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে ফি জমাদানসহ সকল প্রক্রিয়া সম্পন্ন করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

18/6/23

(ডাঃ আবুল ফজল মুহম্মদ মুশিউর রহমান)
সিভিল সার্জন, নারায়ণগঞ্জ।
ও সদস্য সচিব
১১-১৭ গ্রেড জনবল নিয়োগ কমিটি।